# কুমোরটুলিকে সুস্থ রাখতে বায়ো টয়লেট

## শহরের বিশিষ্ট থিম মেকারদের উপস্থিতিতে ৬ শৌচাগারের উদ্বোধন



উদ্বোধনের পর বায়ো টয়লেটের সামনে 'সংবাদ প্রতিদিন'-এর প্রধান সম্পাদক সৃঞ্জয় বোস, শ্রাচী গ্রুপের চেয়ারম্যান রবি টোডি এবং কলকাতার পুজোওয়ালারা। বুধবার। —পিন্টু প্রধান

**স্টাফ রিপোর্টার:** লাল ফিতে কাটা হতেই শুরু ঢাকের কোরাস।

ফ্ল্যাশের ঝলকানি আর টেলিভিশন বুমের ভিড়ে কুমোরটুলির ঘিঞ্জি গলিতে তখন মহাষ্টমীর ভিড়। ম ম করছে পুজোর গন্ধ।

মঞ্চ আলো করে জোড়া মা দুর্গা। থিমশিল্পী থেকে মৃৎশিল্পী, পুজোকর্তা থেকে পথচলতি মানুষ, সবাই তারস্বরে চেঁচিয়ে উঠলেন, "বলো দুগ্গা মাই কি জয়।"

মা আসছেন। পুজো হচ্ছেই।

করোনা আবহে ঝিমিয়ে পড়া মৃৎশিল্পীদের মুখে হঠাৎই হ্যালোজেনের রোশনাই। দীর্ঘদিনের সমস্যার সমাধান হয়ে গেল যে!

কুমোরটুলির শৌচাগারগুলি ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছিল। তার মধ্যে দশটি সংস্কার করে বুধবার তুলে দেওয়া হল মৃৎশিল্পীদের হাতে। সঙ্গে বোনাস আরও ছ'টি বায়ো টয়লেট, দু'টি স্যানিটাইজিং টানেল ও স্বয়ংক্রিয় হাত ধোয়ার মেশিন। ফিতে কেটে এদিন হল তারই উদ্বোধন।

'সংবাদ প্রতিদিন'-এর সহযোগিতায় এই অভিনব উদ্যোগ নিয়েছে শ্রাচী অ্যাগ্রিমেক 'ইকোপ্যাল'। উপস্থিত ছিলেন শ্রাচী গ্রুপের চেয়ারম্যান রবি টোডি এবং 'সংবাদ প্রতিদিন'-এর প্রধান সম্পাদক সৃঞ্জয় বোস। একঝাঁক থিমশিল্পী ও ফোরাম ফর দুর্গোৎসব-এর কর্তাদের সাক্ষী রেখেই যাত্রা শুরু করল 'নির্মল - Be শুদ্ধ, কুমোরটুলি!'।

পাঁচের পাতায়

# ‘নির্মল Be শুদ্ধ, কুমোরটুলি’ অনুষ্ঠানের নানা মুহূর্ত

নির্মল

Be শুদ্ধ, কুমোরটুলি!

An initiative by

SHRACHI Agrimech Khushali Hamesha

ECOPAL SANITATION REVOLUTIONISED

Supported by

প্রতিদিন













১। প্রবীণ শোলাশিল্পী গোপাল সরকারকে সংবর্ধনা দিচ্ছেন ‘সংবাদ প্রতিদিন’-এর প্রধান সম্পাদক সৃঞ্জয় বোস। রয়েছেন শ্রাচি গ্রুপের চেয়ারম্যান রবি টোডি।

২। মৃৎশিল্পী মালা পালকে সংবর্ধনা। রয়েছেন শিল্পী সনাতন দিন্দা।

৩। প্রবীণ মৃৎশিল্পী রমেশচন্দ্র পালকে সংবর্ধনা।

৪। বায়ো টয়লেটের উদ্বোধনে সৃঞ্জয় বোস, অমর সরকার, সনাতন দিন্দা ও রবি টোডি-সহ বিশিষ্টরা।

৫। স্যানিটাইজেশন টানেল থেকে কোলে চেপে বেরিয়ে আসছেন মা দুর্গা।

৬। সংস্কারের পর নবকলেবরে পুরনো শৌচাগারের উদ্বোধন। ছবি : পিন্টু প্রধান